দৈনিক ইত্তেফাক

তারিখ ...14 OCT 1995 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

22

# শিক্ষক সমন্বয়ের নামে ঢালাও বদলী

## শিক্ষাদান ব্যাহত হইতেছে

কচুয়া থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৭২জন শিক্ষককে সমন্বয়ের নামে বদলী করায় তাহাদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হইয়াছে। রাঙ্গুনিয়া থানার ২০জন শিক্ষককে বদলীর ব্যাপারে জটিলতা দেখা দিয়াছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**চাঁদপুর** ॥ চাঁদপুর জেলার কচুয়া থানায় শিক্ষক সমন্বয়ের নামে ৭২ জন প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাকে ঢালাওভাবে বদলী করা হইয়াছে। রহস্যজনক কারণে থানা শিক্ষা অফিসার এই বদলীর আদেশের কপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ না করায় জেলা শিক্ষা অফিসার তিনদিনের মধ্যে বদলীর আদেশের ব্যাখ্যা প্রদানের জন্য থানা শিক্ষা অফিসারকে নির্দেশ দিয়াছেন। একই সাথে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এক স্মারকে ঢালাওভাবে বদলীর আদেশ বিবেচনার জন্য সংশ্লিষ্ট থানা

(৮ম পৃঃ দ্রঃ)

### শিক্ষক সমন্বয়ের নামে

(৩য় পৃঃ পর)

নির্বাহী অফিসারকে পত্র দিয়াছেন। ৭২ জন শিক্ষক-শিক্ষিকাকে একত্রে বদলী করার পরিপ্রেক্ষিতে জেলা প্রাথমিক শিক্ষক সমিতি গত ১৫ই সেপ্টেম্বর প্রতিবাদ সভা করে।

**রাঙ্গুনিয়া** ॥ রাঙ্গুনিয়া থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকার সমন্বয় বদলীর ক্ষেত্রে সৃষ্ট জটিলতায় এখানকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ব্যাহত হইতেছে। উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশে গত মাসে রাঙ্গুনিয়ার ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের ২০ জন শিক্ষক-শিক্ষিকাকে অন্য বিদ্যালয়ে বদলী করা হয়।

জানা গিয়াছে, ছাত্র-ছাত্রীর তুলনায় অতিরিক্ত শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত এরূপ প্রাথমিক বিদ্যালয় হইতে অপর্যাপ্ত শিক্ষক-শিক্ষিকা সম্পন্ন বিদ্যালয়ে সমন্বয় বদলীর ক্ষেত্রে শিক্ষকগণের অনিচ্ছার উপর ভিত্তি করিয়া শিক্ষা কমিটির কতিপয় নেতৃবৃন্দের আপত্তির কারণে সমন্বয় বদলীর আদেশ কার্যকরণে জটিলতা দেখা দেয়। থানা শিক্ষা কর্মকর্তা সূত্রে জানা গিয়াছে, শিক্ষা কমিটির নেতৃবৃন্দের আপত্তির কারণে বর্তমানে সমন্বয় বদলীর আদেশ স্থগিত রহিয়াছে। শিক্ষক-শিক্ষিকার সমন্বয়ের অভাবে রাঙ্গুনিয়ার প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষাদান ব্যাহত হইতেছে।